

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১৩(আগরতলা, ৮।৩)

বিশ্রামগঞ্জ, ৮ মার্চ, ২০১৯

সিপাহীজলা জেলায় সেচের গভীর নলকূপ খনন

কৃষি জমিতে জল সেচের সুবিধার্থে সিপাহীজলা জেলায় জল সম্পদ দপ্তরের উদ্যোগে ৮টি গভীর নলকূপ খননের কাজ চলছে। এরমধ্যে জেলার জম্পুইজলা ব্লকের আমতলী, উদয় জমাদার, জগাইবাড়ি ও দয়ারাম পাড়া এই চারটি স্থানে গভীর নলকূপ খননের কাজ শেষ হয়েছে। বাকী চারটি গভীর নলকূপ খননের কাজ চলছে জম্পুইজলা ব্লকের মোহনপুর, চড়িলাম ব্লকের বাঁশতলী, মোহনভোগ ব্লকের আনন্দপুর ও মনাইপাথর ভিলেজে। প্রতিটি গভীর নলকূপ খননে ব্যয় হচ্ছে ৩৭ লক্ষ টাকা। জেলার জল সম্পদ কার্যালয়ের নির্বাহী বাস্তুকার খোকন চন্দ্র দাস এই তথ্য জানিয়েছেন।
